গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা
fisheries.khulnadiv.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.৩০৪.৪২.০০১.২২.৫৯০

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ আওতায় নৈতিকতা কমিটি ১ম সভার কার্যবিবরণী প্রেরণ।**

উর্পযুক্ত বিষয়ের আলোকে ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিল্পনার আওতায় নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

২৪-০৭-২০২৩
মোঃ জাহাঙ্গীর আলম
উপপরিচালক

মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

সকল সংযুক্তিসমূহ:
(১) resolation

# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ আওতায় নৈতিকতা কমিটি ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা
সভার স্থান- সভাকক্ষ, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা
তারিখ- ১৭/০৭/২০২৩খ্রিস্টাব্দ
সময়- সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট "ক"

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান ২০২৩-২৪ অর্থ বছরের জন্য উপপরিচালকো কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা-এর জন্য শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তিনি সভায় সদস্য সচিবকে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এর আলোকে আলোচনা এবং ২০২২-২০২৩ অর্থ বছরের অত্র দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

সভায় নৈতিকতা কমিটির সদস্য সচিব, সহকারী পরিচালক জানান যে, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এর আলোকে উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে। তিনি সভায় বিগত ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন এবং শুদ্ধাচার পুরস্কার প্রদানের তথ্য উপস্থাপন করেন। সভায় তিনি জানান যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় গঠিত নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী দপ্তরের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ , পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ, সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা কিভাবে বাস্তবায়ন করা যায় এ সকল বিষয় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। তিনি সভায় উপস্থিত সদস্যগণকে এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত**

সভায় উপরোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়-

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০১ | শুদ্ধাচার অর্জিত সাফল্য | মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ এবং এর আওতাধীন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার চর্চার স্বীকৃতিস্বরূপয় শুদ্ধাচার পুরস্কার, ২০২২-২৩ প্রদান করা হয়েছে। |
| ০২ | শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় | অভ্যন্তরীণ সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চতকরণে মাঠ পর্যায় থেকে প্রাপ্ত আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষকে প্রেরণ এবং অনুলিপি সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা এবং আবেদনকারীকে প্রদান করা হবে। |
| ০৩ | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে দায়িত্ব বন্টন | ১। ক্রয় পরিকল্পনা প্রণয়ন এবং ওয়েবপোর্টালে আপলোড করার জন্য মৎস্য সম্প্রসারণ অফিসার-কে অনুরোধ করা হলো।<br>২। ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য সহকারী পরিচালককে অনুরোধ করা হলো। |
| ০৪ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | ১. ২০২৩-২৪ অর্থ বছরে দপ্তরের ১২ জন কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>২. কর্ম পরিবেশ উন্নয়নে মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হবে।<br>৩. দপ্তরে আগত যে কোন সেবা গ্রহিতার তথ্য সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জাহাঙ্গীর আলম)
পরিচিতি নম্বর ০০২২০
সভাপতি
নৈতিকতা কমিটি
ও
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা
ফোন-০২৪৭৭৭০১০১৯(অ)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ আওতায় নৈতিকতা কমিটি ১ম সভার উপস্থিতি

| ক্রঃ নং | নাম, পদবী ও কর্মস্থল | কমিটিতে অবস্থান | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | জি ,এম সেলিম, সিনিয়র সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, খুলনা বিভাগ,খুলনা | সদস্য | ০১৭১২৬৯৯২১৫ | |
| ২ | জেরিন সুলতানা, সহকারী পরিচালক (সংযুক্ত) উপপরিচালকের কার্যালয়, খুলনা বিভাগ,খুলনা | সদস্য | ০১৭১৬৫৬৯৭৭৫ | |
| ৩ | মোঃ শফিউল আহ্সান, বৈজ্ঞানিক কর্মকর্তা, উপপরিচালকের কার্যালয়, খুলনা বিভাগ,খুলনা | সদস্য | ০১৯১৭২২৩০৪৪ | |
| ৪ | সানজিদা হক, মৎস্য সম্প্রসারণ অফিসার, উপপরিচালকের কার্যালয়, খুলনা বিভাগ,খুলনা | সদস্য | ০১৭২২৬৯৯৫৬৯ | |
| ৫ | রাজ কুমার বিশ্বাস, সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, খুলনা বিভাগ,খুলনা | ফোকাল পয়েন্ট ও সদস্য সচিব | ০১৭৪০৫৭৮১০২ | |